# কর্মসংস্থান ব্যাংক

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

## কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ

Email- pmthrd@kb.gov.bd


কব্যপ্রমাসবি পরিপত্র নং- ০১ /২০১৯ তারিখ: ০৮.০১.২০১৯

### বিষয় : কর্মসংস্থান ব্যাংক কর্মচারীদের বদলি/পদায়ন নীতিমালা।

কর্মসংস্থান ব্যাংক ১৯৯৮ সালে যাত্রা শুরু করে বর্তমানে ২৪৬টি শাখার মাধ্যমে মাঠ পর্যায়ের কার্যক্রম পরিচালনা করছে। মাঠ পর্যায়ের কার্যক্রম তদারকির জন্য রয়েছে যথাক্রমে ৩৩টি আঞ্চলিক কার্যালয়, ০৪টি বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ০৪টি বিভাগীয় কার্যালয় ও প্রধান কার্যালয়। বর্তমানে ব্যাংকের জনবল ১৩৫৯ জন, যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। ব্যাংকের এই বিপুল সংখ্যক জনবলের সঠিক বদলি/পদায়নের নিমিত্ত কোনো নীতিমালা নেই। পরিচালনা বোর্ডের ২৮ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৭০ তম সভায় কর্মসংস্থান ব্যাংক কর্মচারীদের বদলি/পদায়ন নীতিমালা উপস্থাপিত হলে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপভাবে অনুমোদিত হয় :

১. ব্যাংকের স্বার্থে ও প্রশাসনিক প্রয়োজনে নিয়োগপত্রের শর্তানুসারে কর্মচারীদের যে কোনো কার্যালয়/শাখায় বদলি করা যাবে। নব নিয়োগপ্রাপ্ত কর্মচারীদেরকে দক্ষ, অভিজ্ঞ ও কার্যোপযোগী হিউম্যান ক্যাপিটাল হিসেবে গড়ে তুলতে ঢাকা মহানগরের বাইরের শাখায় পোস্টিং/পদায়ন করতে হবে। এক্ষেত্রে পদায়নকৃত কর্মস্থলে ন্যূনতম ০৩(তিন) বছর কর্মরত থাকতে হবে। তবে ব্যাংকের স্বার্থে/বিশেষ প্রয়োজনে/ পদোন্নতি/প্রশাসনিক কারণে বদলি/ সমন্বয় করা যাবে। এইরূপ বদলির ক্ষেত্রে অন্যান্য বিষয়ের মধ্যে কার্যালয়/শাখায় সর্বোচ্চ সময় অবস্থান মাপকাঠি হিসেবে গণ্য করতে হবে। কারিগরি জ্ঞানসম্পন্ন কর্মচারীদের ক্ষেত্রে ইহা শিথিলযোগ্য। এ ক্ষেত্রে কারিগরী বলতে প্রস্তাবিত কর্মসংস্থান ব্যাংক চাকুরী প্রবিধানমালার তফসিল-২ এবং তফসিল-৩ এ বর্ণিত কর্মচারীদেরকে বুঝাবে।

২. কর্মচারীদের এমনভাবে পোস্টিং/পদায়ন করতে হবে যাতে সকল কর্মচারী পর্যায়ক্রমে প্রথমত: শাখা পর্যায়ে সকল প্রকার ব্যাংকিং কার্যক্রমের অভিজ্ঞতা অর্জন করতে পারেন। বিভিন্ন কার্যালয়/ শাখার জন্য অনুমোদিত পদের বিপরীতে কর্মচারীদের উপযুক্ততা ও কর্মদক্ষতা অনুযায়ী এবং ব্যাংকের স্বার্থে বদলি করা যাবে।

৩. একজন কর্মচারী ক্রমাগতভাবে ০২(দুই) টার্ম বা ০৬(ছয়) বছর প্রধান কার্যালয়/ নিয়ন্ত্রণকারী কার্যালয়ে কাজ করতে পারবে। পরবর্তীতে ০১(এক) টার্ম বা ০৩(তিন) বছর শাখা পর্যায়ে কাজ করার পর পুনরায় নিয়ন্ত্রণকারী কার্যালয়ে কাজের সুযোগ পেতে পারেন।

৪. কোনো কর্মচারীকে তার সমগ্র চাকরি জীবনে অন্তত: ০২ (দুই) টার্ম অর্থাৎ ০৬ (ছয়) বছর নিজ জেলার বাইরে (বিভাগীয় শহর বাদে) কর্মে নিয়োজিত থাকতে হবে।

৫. প্রত্যেক কর্মচারী নিজের পছন্দের এলাকার বাইরে এবং প্রয়োজনে সিলেট ও পাবর্ত্য চট্টগ্রাম এলাকাসহ যে কোনো ঘাটতি এলাকায় অন্তত: ০২(দুই) বছর এবং যথাযথ কর্তৃপক্ষের বিবেচনায় সর্বোচ্চ ০৩(তিন) বছর পর্যন্ত কাজ করতে বাধ্য থাকবেন। এ ক্ষেত্রে শুধুমাত্র প্রশাসনিক শাস্তিমূলক ব্যবস্থা ছাড়া ০৩(তিন) বছর পূর্ণ হওয়ার অব্যবহিত পূর্বেই সংশ্লিষ্ট কর্মচারীকে তার সর্বাধিক পছন্দের যে কোনো অঞ্চল/এলাকায় বদলি করা হবে। কেউ স্বেচ্ছায় উল্লেখিত স্থানসমূহে নিয়োজিত হতে চাইলে তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে এবং কেউ স্বেচ্ছায় ০৩(তিন) বছরের বেশী থাকতে চাইলে ক্ষেত্র বিশেষে তা বিবেচনা করা হবে।

৬. প্রত্যেক কর্মচারী-কে একই কর্মস্থলে একাধারে ০১(এক) টার্ম বা ০৩(তিন) বছরের অধিক সময় নিয়োজিত রাখা যাবে না।

৭. যদি কোনো কর্মচারী বদলিকৃত স্থানে যথাসময়ে কাজে যোগদান না করেন তবে সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে কর্মসংস্থান ব্যাংক চাকুরি প্রবিধানমালার সংশ্লিষ্ট ধারা অনুযায়ী শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৮. পদোন্নতির পর যে সকল কর্মচারী বদলির আদেশ রহিত/স্থগিত/বাতিলকরণের জন্য তদবির করবেন বা করাবেন তাদের পদোন্নতি সমর্পণ (Forgo) সাপেক্ষ বদলির আদেশ রহিত/ স্থগিত/ বাতিল করা যাবে।

৯. বদলির আদেশে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে ছাড়পত্র প্রদান না করা হলে, সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক/নিয়ন্ত্রণকারী অফিস প্রধান দায়ী হবেন এবং তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. পদোন্নতির প্রেক্ষিতে বদলিকৃত কর্মস্থলে যোগদানের পর ন্যূনতম ০২ (দুই) বছর চাকুরী করতে হবে। এ সময়কালের মধ্যে অন্যত্র বদলির জন্য কোনো আবেদন/নিবেদন করা যাবে না।

১১. সাধারণত কোনো কর্মচারীকে কর্মস্থলে পদায়ন পরবর্তী ০৩(তিন) বছর পূর্তির পূর্বে বদলি করা যাবে না। তবে ব্যাংকের কাজের স্বার্থে, পদোন্নতির ফলে এবং প্রশাসনিক কারণে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ০৩(তিন) বছর পূর্তির পূর্বেও বদলি করা যাবে।

১২. পার্বত্য অঞ্চল, হাওড় ও দ্বীপাঞ্চলে অবস্থিত শাখাসমূহে স্থানীয় অধিবাসীদের নিয়োগ/বদলি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক শিথিল করা যাবে। এ সকল এলাকায় অবস্থিত শাখাসমূহে কর্মরত স্থানীয় অধিবাসী (কর্মকর্তা/কর্মচারী) ব্যতীত অন্য এলাকার কর্মচারীদের সংশ্লিষ্ট এলাকায় সাধারণত: ০৩(তিন) বছরের অধিককাল নিয়োজিত রাখা যাবে না। যদি কোনো কর্মচারী সংশ্লিষ্ট এলাকায় নিয়োজিত থাকার ইচ্ছা পোষণ করে তবে তা বিবেচনা করা যেতে পারে।

১৩. সংশ্লিষ্ট কর্মচারীর অবসর গ্রহণের পূর্ব পর্যন্ত তাহার চাকুরীকাল অনধিক ০১(এক) বৎসর অবশিষ্ট থাকলে তাকে বর্তমান কর্মস্থলে অথবা তাহার পছন্দ মোতাবেক কোনো কার্যালয়ে পোস্টিং দেয়া যেতে পারে। এই বিধান পদোন্নতিপ্রাপ্ত কর্মচারীদের জন্যও প্রযোজ্য হবে। চাকুরীকাল ০৬(ছয়) মাসের কম অবশিষ্ট থাকলে বিশেষ প্রয়োজন ব্যতিত কাহাকেও কোনো কার্যালয়ের/ শাখার প্রধান হিসেবে বদলি করা যাবে না।

১৪. ১৩ তম গ্রেড হতে ২০ তম গ্রেডের কর্মচারীদেরকে কোনো বিশেষ কারণ ব্যতীত তাহার নিজ জেলা হতে দূরে বদলি না করে যথাসম্ভব নিজ জেলা বা পার্শ্ববর্তী জেলার মধ্যে বদলি করার চেষ্টা করতে হবে।

১৫. স্বামী/স্ত্রী/একই পরিবারভুক্ত সদস্য এ ব্যাংকে চাকুরিরত হলে অথবা সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত স্বামী/স্ত্রী/একই পরিবারভুক্ত সদস্যকে একই কর্মস্থলে বদলি/বহাল রাখার ব্যবস্থা ব্যাংকের স্বার্থ বজায় রেখে যতদূর সম্ভব বিবেচনা করা হবে। তবে, এই সুযোগ চাকুরীজীবনে ০১(এক) বারের বেশী দেয়া হবে না।

১৬. কোনো কার্যালয়/ শাখায় অনুমোদিত পদের অতিরিক্ত কর্মচারী থাকলে শূন্য পদের বিপরীতে তাদেরকে অন্যত্র বদলিপূর্বক সমন্বয় করা হবে। তবে ঐ কার্যালয়/শাখায় সর্বোচ্চ সময় অবস্থানকারী কর্মচারীকে সর্বাগ্রে বদলির বিষয়টিকে প্রাধান্য দিতে হবে।

১৭. প্রশাসনিক কারণ ব্যতীত কোনো কর্মচারীকে "একই কর্মস্থলে" সাধারণত: ০৩(তিন) বৎসরের অধিককাল নিয়োজিত রাখা যাবে না। একই গ্রেডের যে সকল কর্মচারী "একই কর্মস্থলে" ০৩(তিন) বৎসরের অধিককাল নিয়োজিত আছেন তাদের মধ্য হতে বদলির ক্ষেত্রে সর্বোচ্চ সময়ে নিয়োজিত কর্মচারীদেরকে আগে বদলি করা হবে। সাধারণত: কোনো কর্মচারীকে বর্তমান কর্মস্থলের অব্যবহিত পূর্ববর্তী কর্মস্থলে পুন:বদলি করা যাবে না।

১৮. কোনো কর্মচারীর নিজ আবেদনের প্রেক্ষিতে বদলি করা হলে সংশ্লিষ্ট কর্মচারী বদলিজনিত কোনো ভ্রমণ ভাতা পাবেন না।

১৯. কম্পিউটার জ্ঞানসম্পন্ন ও কারিগরী বিশেষ শিক্ষায় শিক্ষিত কর্মচারীদের একই ধরণের কাজ আছে এরূপ কার্যালয় বা শাখায় বদলির ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।

২০. আর্থিক অনিয়মের জন্য শাস্তিপ্রাপ্ত (গুরুদন্ড) কোনো কর্মচারীকে শাস্তির মেয়াদান্তে অন্তত: ০১(এক) বছর পর্যন্ত বিভাগীয় প্রধান/ অফিস প্রধান/ শাখা প্রধান হিসেবে নিয়োগ/পদায়ন করা হবে না।

২১. বদলির বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত নির্দেশনাসমূহ এ নীতিমালার পরিপূরক হিসেবে গণ্য হবে এবং জারিকৃত কোনো নির্দেশনা এই নীতির কোনো অংশের সাথে সাংঘর্ষিক হলে বর্তমান নীতিই বহালযোগ্য হবে।

২২. এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

০৮/০১/১৯
(মোঃ আব্দুল খালেক মিয়া)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং- কেবি/প্রকা/কব্যপ্রমাসবি-৪২(অংশ-০৬)/২০১৮-২০১৯/১৯০৫ (৩০৮) তারিখ: ০৮.০১.২০১৯

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :</u>**

১. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
২. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয় এর দপ্তর, প্রশাসন ও পরিচালন/নিরীক্ষা/হিসাব মহাবিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৩. সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপ-মহাব্যবস্থাপক, আইটি বিভাগ-কে পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো);
৪. সকল উপ-মহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
৫. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
৬. সকল আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
৭. বোর্ড সচিব, বোর্ড সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৮. সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক ;
৯. অফিস নথি।

০৮.০১.১৯
(কাজী মোঃ হাবিবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক